আবিলম্বে প্রকাশের জন্য: 12/28/2025

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল বরফ এবং লেক ইফেক্ট তুষার সিস্টেমকে সামনে রেখে সতর্ক হওয়ার তাগিদ দিয়েছেন

নর্থ কান্ট্রি, মোহক ভ্যালি, সেন্ট্রাল নিউ ইয়র্ক, সাউদার্ন টিয়ার, এবং মিড-হাডসন এবং ক্যাপিটাল রিজিয়নের জন্য আজকে বিকাল থেকে সোমবার বিকাল পর্যন্ত বরফ জমার উইন্টার ওয়েদার অ্যাডভাইজরি জারি করা হয়েছে

এছাড়াও বৃষ্টি ওয়েস্টার্ন নিউ ইয়র্ককে প্রভাবিত করতে যাচ্ছে; মোট এক থেকে দুই ইঞ্চি হবে বলে ধারণা করা হচ্ছে তাই ফ্লাড ওয়াচ জারি করা হয়েছে

নর্থ কান্ট্রি, ফিঙ্গার লেকস, ওয়েস্টার্ন এবং সেন্ট্রাল নিউ ইয়র্ককে সোমবার থেকে শুরু করে বুধবার পর্যন্ত লেক ইফেক্ট তুষার প্রভাবিত করবে; গ্রেট লেক উপকূলের আশেপাশের এলাকায় এক থেকে দুই ফুট মোট তুষারপাত সম্ভব

সোমবার এবং মঙ্গলবার প্রায় হোয়াইটআউট পরিস্থিতিসহ বিপজ্জনক ভ্রমণের পরিস্থিতি থাকবে; চালকদের উচিত বাড়তি সতর্ক হওয়া, গন্তব্যে পৌঁছাতে হাতে বাড়তি সময় রাখা

ওয়েস্টার্ন নিউ ইয়র্কে স্টেটের হাইওয়েগুলিতে খালি ট্র্যাক্টর ট্রেইলার এবং ট্যান্ডেম নিষেধাজ্ঞা সোমবার সকালে শুরু হবে

ক্ষয়ক্ষতি যাচাই, সাড়াদান, মেরামত, এবং পুনঃস্থাপন চেষ্টার কাজ করতে পুরো স্টেটে 6,700-এর বেশি ইউটিলিটি কর্মী তৈরি আছেন

নিউ ইয়র্কবাসীরা 333111 নম্বরে টেক্সট করে আবহাওয়া এবং জরুরি সতর্কতার জন্য সাইন আপ করতে পারেন

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে আরেকটি শীতকালীন আবহাওয়া সিস্টেমকে সামনে রেখে সতর্ক হওয়ার তাগিদ দিয়েছেন যা স্টেটের বেশির ভাগ অংশে রবিবার থেকে সোমবার পর্যন্ত বরফ এবং সোমবার থেকে শুরু করে লেক ইফেক্ট তুষার আনবে। রবিবার রাতে ঠাণ্ডা বাতাস আসবে, যা বরফ জমার কারণে পিচ্ছিল ভ্রমণের পরিস্থিতি তৈরির সম্ভাবনা বাড়াবে। স্টেটের পশ্চিম দিকের এলাকাগুলিতে লেক ইফেক্ট তুষার আসার আগে অনেক বেশি বৃষ্টিপাত

ও বন্যা দেখা যেতে পারে যার সাথে ব্যাপক বাতাস থাকতে পারে। সোমবার একটি লম্বা সময়ের, লেক ইফেক্ট তুষারের ইভেন্ট শুরু হবে এবং নর্থ কান্ট্রি (North Country), ওয়েস্টার্ন নিউ ইয়র্ক (Western New York) এবং সেন্ট্রাল নিউ ইয়র্কের (Central New York) কিছু অংশে বুধবার পর্যন্ত এক থেকে দুই ফুট তুষার দেখার সম্ভাবনা আছে। পুরো সপ্তাহের পূর্বাভাস যা নিশ্চিত করছে তা অনুযায়ী পুরো সপ্তাহে লেক ইফেন্ট তুষার চলতে পারে। এইসব স্থানে যাতায়াত করা মানুষ বিপজ্জনক, প্রায় হোয়াইটআউট পরিস্থিতির মুখোমুখি হতে পারেন, এবং চালকদের উচিত গন্তব্যে পৌঁছানোর জন্য হাতে বাড়তি সময় রাখা এবং তাদের যানবাহনে নিরাপত্তার জন্য অতি প্রয়োজনীয় জিনিস রাখা। 26 ডিসেম্বর, শুক্রবার, গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্কের (New York) অর্ধেকের বেশি কাউন্টির জন্য যে জরুরি অবস্থা ঘোষণা করেছেন তা কার্যকর থাকছে।

"নিউ ইয়র্ক স্টেটের অনেক অঞ্চলে আসতে যাওয়া শীতকালীন ঝড় বরফ, তুষার এবং বেশি বাতাস নিয়ে আসছে যা রাস্তাকে বিপজ্জনক করবে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "নিউ ইয়র্কবাসীর উচিত স্থানীয় পূর্বাভাসের উপর নজর রক্ষা এবং আক্রান্ত এলাকায় ভ্রমণ এড়াতে সতর্ক হওয়া। প্লাউ ট্রাক, জরুরি ব্যবস্থাপনা দল এবং ইউটিলিটি কর্মীদের মোতায়েন করা হয়েছে এবং তারা ঝড়ের পুরো সময় নিউ ইয়র্কবাসীকে নিরাপদ রাখতে তৈরি আছেন।"

নর্থ কান্ট্রি, মোহক ভ্যালি (Mohawk Valley), সেন্ট্রাল নিউ ইয়র্ক, সাউদার্ন টিয়ার (Southern Tier), মিড-হাডসন (Mid-Hudson) এবং ক্যাপিটাল রিজিয়নে (Capital Region) এক ইঞ্চির দশ ভাগের এক ভাগ থেকে আধা ইঞ্চি পর্যন্ত ফ্ল্যাট আইসের কারণে বরফ জমে যাওয়ার উইন্টার ওয়েদার অ্যাডভাইজরি (Winter Weather Advisories) সোমবার বিকাল পর্যন্ত কার্যকর থাকবে। বরফ জমার সাথে সাথে গাছ, গাছের ডাল এবং পাওয়ার লাইন উপরে পড়ার সম্ভাবনা আছে।

এছাড়াও ওয়েস্টার্ন নিউ ইয়র্ক, ফিঙ্গার লেকস (Finger Lakes) এবং নর্থ কান্ট্রির কিছু অংশে একটি ফ্লাড ওয়াচ (Flood Watch) জারি করা হয়েছে যেহেতু অনেক বেশি বৃষ্টিপাত হওয়ার কিছুটা ঝুঁকি সম্ভব। এক থেকে দুই ইঞ্চি বৃষ্টিপাত সম্ভব যার ফলে নদী, খাল, ঝর্ণা এবং অন্যান্য নিচু এলাকায় বন্যা হতে পারে। ঘণ্টায় 60 থেকে 70 মাইল গতিবেগের দমকা বাতাসসহ এইসব অঞ্চলে তীব্র বাতাস থাকতে পারে।

ওয়েস্টার্ন এবং সেন্ট্রাল নিউ ইয়র্ক, ফিঙ্গার লেকস, মোহক ভ্যালি এবং নর্থ কান্ট্রির কিছু অংশে উইন্টার স্টর্ম ওয়ার্নিং (Winter Storm Warnings) এবং ওয়াচও কার্যকর আছে যেহেতু তুষারপাত সোমবার বিকালে শুরু হয়ে বুধবার পর্যন্ত চলবে। নর্থ কান্ট্রি, ওয়েস্টার্ন এবং সেন্ট্রাল নিউ ইয়র্কের কিছু অংশে এক থেকে দুই ফুট পর্যন্ত তুষার দেখা যেতে পারে এবং এই সিস্টেমটি অনেক বাতাস ও ঠাণ্ডা তাপমাত্রার সাথে মিলিত হবে। ঘণ্টায় দুই ইঞ্চি পর্যন্ত তুষারপাতের হার এবং তীব্র বাতাসের কারণে উল্লেখযোগ্য তুষার উড়া ও ভাসা এবং লেক ইফেক্ট এলাকাগুলিতে প্রায় হোয়াইটআউট পরিস্থিতি তৈরি হবে। চালকদের উচিত গন্তব্যে পৌঁছানোর জন্য হাতে বাড়তি সময় রাখা এবং নিজেদের নিরাপত্তা নিশ্চিত করতে জরুরি সাপ্লাই সাথে রাখা।

বৃষ্টি এবং বাতাসের জন্য প্রস্তুত হওয়ার পাশাপাশি, নিউ ইয়র্কবাসীদের এছাড়াও বেশি ঠাণ্ডা আবহাওয়া এবং শীতকালের কর্মকাণ্ডের ফলাফলের ফলে যে বিপদ হতে পারে তার জন্য প্রস্তুত ও সুরক্ষিত থাকা উচিত। স্টেটের নিয়মকানুনের অধীনে, তাপমাত্রা এবং ঠাণ্ডা বাতাস যখনই 32

ডিগ্রির কম হয়, তখন একটি কোড ব্লু (Code Blue) অটোমেটিকভাবে কার্যকর হয়। গৃহহীনতায় ভুগতে থাকা ব্যক্তিদের কাছে যাতে শেল্টারের অ্যাক্সেস থাকে এবং শেল্টারের সময় বাড়িয়ে দেওয়া হয় তা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া স্থানীয় সোশ্যাল সার্ভিসেস ডিসট্রিক্টগুলির জন্য আইনত বাধ্যতামূলক। নিউ ইয়র্কবাসীদের এছাড়াও ডিপার্টমেন্ট অফ হেলথের (Department of Health) দেওয়া ঠাণ্ডা আবহাওয়ার পরামর্শ; ফ্রস্টবাইট ও হাইপোথার্মিয়া প্রতিরোধের বাড়তি পরামর্শ; কার্বন মনোক্সাইড বিষক্রিয়ার তথ্য; জেনারেটরের সঠিক ব্যবহার সম্পর্কে তথ্য; এবং শীতকালে নিরাপদে গাড়ি চালানোর পরামর্শ দেখা উচিত।

নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন (Department of Transportation) গাড়ির চালকদের জানাচ্ছে যে ইরি (Erie) কাউন্টির বাফেলো (Buffalo) সিটিতে Skyway (স্টেট রুট 5) 29 ডিসেম্বর, সোমবার, সকাল 6টা থেকে শুরু করে পরবর্তী নোটিশ না পাওয়া পর্যন্ত উভয় দিকে বন্ধ থাকবে, যা অনেক বাতাসের পূর্বাভাস থাকার কারণে বাফেলো সিটির অনুরোধ অনুযায়ী করা হয়েছে।

সোমবার সকাল 6টা থেকে শুরু করে পরবর্তী নোটিশ পর্যন্ত, ওয়েস্টার্ন নিউ ইয়র্কের নিচের স্টেট হাইওয়েগুলিতে একটি খালি ট্র্যাক্টর ট্রেইলার এবং ট্যান্ডেম নিষেধাজ্ঞা কার্যকর থাকবে:

- I-190
- I-90 (পূর্ব এবং পশ্চিম উভয় দিকে যাওয়ার জন্য এক্সিট 46 থেকে PA লাইন পর্যন্ত থ্রুওয়ে অথোরিটির (Thruway Authority) অংশ)
- I-290 (I-190 থেকে I-90 পর্যন্ত)
- I-990 (I-90 থেকে স্টেট রুট 263 Millersport Highway পর্যন্ত)
- Rte 400 (I-90 থেকে স্টেট রুট 16 পর্যন্ত)
- Rte 219 (I-90 থেকে স্টেট রুট 39 পর্যন্ত)
- I-86 (PA লাইন থেকে I-390 পর্যন্ত)

নিউ ইয়র্ক স্টেটের (New York State) ডিপার্টমেন্ট অব লেবার (Department of Labor) কর্মী এবং চাকরিদাতাদেরকে চরম ঠাণ্ডা আবহাওয়ার সেরা প্র্যাকটিসগুলি করার পরামর্শ দিয়েছে যেমন:

- ঘরের বাইরের কাজ সীমিত করা, গরম এলাকায় ঘনঘন বিরতি দেওয়া এবং দিনের সবথেকে গরম সময়ে ঘরের বাইরের কাজ করার শিডিউল স্থির করা।
- পরিষ্কার খাওয়ার পানির অ্যাক্সেস নিশ্চিত করা।
- গরম পানীয় দিয়ে হাইড্রেটেড থাকা এবং ক্যাফেইন পান করা এড়িয়ে চলা।
- যথাযথ PPE পড়া, যার মধ্যে কমপক্ষে তিন লেয়ারের কাপড়, গ্লাভস বা মিটেন্স, ভারী মোজা, ইনসুলেটেড জুতা এবং একটি টুপি, হুড বা হার্ড হ্যাট লাইনার থাকবে।

ঠাণ্ডা আবহাওয়ায় কাজ করার সেরা প্র্যাকটিস সম্পর্কে আরো তথ্য দেখুন।

উইন্টার স্টর্ম ওয়ার্নিং এবং উইন্টার স্টর্ম ওয়াচ, উইন্টার ওয়েদার অ্যাডভাইজরি, হাই উইন্ড ওয়ার্নিং (High Wind Warnings) এবং উইন্ড অ্যাডভাইজরি জারি করা হয়েছে, এবং নিউ ইয়র্কবাসীদের উচিত তাদের স্থানীয় পূর্বাভাসের উপর ভালো করে নজর রাখা এবং ন্যাশনাল ওয়েদার সার্ভিসের (National Weather Service) জারি করা আপডেট দেখা। আবহাওয়ার অ্যালার্টের সম্পূর্ণ তালিকার জন্য ন্যাশনাল ওয়েদার সার্ভিসের ওয়েবসাইট ভিজিট করুন।

নিউ ইয়র্কবাসীদের উচিত তাদের মোবাইল ফোনে সরকারি জরুরি সতর্কতা চালু আছে কিনা তা নিশ্চিত করা। তাদের উচিত তাদের কাউন্টি অথবা বরোর নাম 333111 নম্বরে টেক্সট করে তাদের ফোনে বর্তমান আবহাওয়া ও জরুরি সতর্কতা পাওয়ার জন্য সাইন আপ করা।

এজেন্সির প্রস্তুতি

স্বদেশের নিরাপত্তা ও জরুরী পরিষেবা বিভাগ (Division of Homeland Security and Emergency Services)

ডিভিশনের অফিস অফ ইমার্জেন্সি ম্যানেজমেন্ট (Office of Emergency Management) তাদের স্থানীয় কাউন্টারপার্টের সাথে যোগাযোগ রেখেছে এবং সাহায্যের যেকোনো স্থানীয় অনুরোধের সাড়াদান করতে তৈরি আছে। স্টেটের মজুদসমূহ প্রয়োজন অনুযায়ী জরুরি সাড়াদানের সম্পদ এবং সাপ্লাই মোতায়েন করতে প্রস্তুত। স্টেট ওয়াচ সেন্টার (State Watch Center), নিউ ইয়র্কের 24/7 সতর্কতা ও ওয়ার্নিং কেন্দ্র, ঝড়ের পথ এবং পুরো স্টেটে এর প্রভাবের উপর নজর রাখছে।

পরিবহন বিভাগ (Department of Transportation)

অগ্রাধিকার পাওয়া তুষার ও বরফের অপারেশনের সাথে সাহায্য করবে, ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন অন্যান্য অঞ্চল থেকে ওয়েস্টার্ন নিউ ইয়র্কে আনুমানিক দুই ডজন অপারেটর এবং সুপারভাইজারকে মোতায়েন করবে।

বিদ্যমান সমস্ত রেসপন্সমূলক সরঞ্জাম মোতায়েনের জন্য প্রস্তুত রয়েছে। স্টেট ব্যাপী থাকা ইকুইপমেন্টের সংখ্যা নিম্নোক্তানুসারে:

- 1648টি লার্জ প্লাউ ট্রাক
- 340টি বড় লোডার
- 153টি মিডিয়াম ডিউটি প্লাউসহ ট্রাক
- 36টি লার্জ স্নো ব্লোয়ার
- 53টি টো প্লাউ

তাৎক্ষনিক ভ্রমণ তথ্য জানার জন্য গাড়ির চালকদের উচিত 511 নম্বরে ফোন করা অথবা www.511NY.org অথবা মোবাইল সাইট www.511NY.org ভিজিট করা, যা নিউ ইয়র্ক স্টেটের অফিসিয়াল ট্রাফিক এবং ভ্রমণ সংক্রান্ত তথ্য কেন্দ্র।

থ্রুওয়ে অথোরিটি (Thruway Authority)
থ্রুওয়ে অথোরিটি 688 জন অপারেটর ও সুপারভাইজার নিয়ে সাড়াদানের জন্য প্রস্তুত আছে। পুরো স্টেটের সরঞ্জামের সংখ্যা ও রিসোর্সের তালিকা নিচে দেওয়া হলো:

- 339টি লার্জ ও মিডিয়াম ডিউটির প্লাউ ট্রাক
- 11টি টো প্লাউ
- 66টি লোডার
- 126,000+ টন লবণ হাতে আছে

Thruway-তে গাড়ির চালকদেরকে শীতকালীন আবহাওয়ার অবস্থা সম্পর্কে সতর্ক করতে ভ্যারিয়েবল মেসেজ সাইন ও সোশ্যাল মিডিয়া (X এবং Facebook) ব্যবহার করা হয়।

গাড়ি চালকদের মনে করিয়ে দেওয়া হচ্ছে যে থ্রুওয়ে-তে স্নো প্লাউগুলি প্রতি ঘণ্টায় প্রায় 35 মাইল বেগে চলে, যা অনেক ক্ষেত্রে পোস্ট করা গতি সীমার থেকে কম গতি, যাতে নিশ্চিত করা যায় যে ছড়িয়ে দেওয়া লবণ ড্রাইভিং লেনে থাকে এবং রাস্তার বাইরে ছড়িয়ে না পড়ে। গাড়ির চালকদের জন্য সবথেকে নিরাপদ জায়গা হলো স্নোপ্লাউয়ের পেছনে বেশ দূরে থাকা যেখানে রাস্তা পরিষ্কার করা হয়েছে ও লবণ ছড়ানো হয়েছে।

থ্রুওয়ে অথোরিটি তাদের মোবাইল অ্যাপ ডাউনলোড করতে গাড়ির চালকদেরকে উৎসাহিত করে যা আইফোন ও অ্যান্ড্রয়েড ডিভাইসের জন্য ফ্রি পাওয়া যায়। অ্যাপটি চলার পথে মোটরযান চালকদের রিয়েল-টাইম ট্র্যাফিক তথ্য, লাইভ ট্র্যাফিক ক্যামেরা, ও ন্যাভিগেশনের সাহায্য দিয়ে থাকে। এছাড়াও গাড়ির চালকেরা TRANSalert ইমেইলের জন্য সাইন আপ করতে পারেন এবং থ্রুওয়ে-তে সর্বশেষ ট্র্যাফিক অবস্থা সম্পর্কে জানতে X-এ @ThruwayTraffic-কে ফলো করতে পারেন।

জনসেবার বিভাগ (Department of Public Service)
নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ পাবলিক সার্ভিস (Department of Public Service) নিয়ন্ত্রিত ইলেকট্রিক ইউটিলিটিগুলির সাথে যোগাযোগ রেখেছে যাতে যাতে আসন্ন বরফ ঝড়ের জন্য যথাযথ প্রস্তুতি নেওয়া হচ্ছে তা নিশ্চিত করা যায়। ডিপার্টমেন্টের অগ্রাধিকার হলো এই ঝড়ের পুরো সময় নিউ ইয়র্কবাসীর জন্য নির্ভরযোগ্য ও স্থিতিশীল ইলেকট্রিক সেবা নিশ্চিত করা এবং আবহাওয়ার কারণে যেকোনো সমস্যার সাড়াদান করার জন্য ইউটিলিটিগুলির প্রস্তুতি ও সাড়াদানের নিয়ন্ত্রণমূলক তত্ত্বাবধানের মাধ্যমে তা করা হবে।

পূর্বাভাস অনুযায়ী আক্রান্ত এলাকায় নিউ ইয়র্কের ইউটিলিটিগুলি তাদের অভ্যন্তরীণ কমান্ড কাঠামো সক্রিয় করে দিয়েছে, আবশ্যক আউটরিচ কাজ করা শুরু করেছে, এবং তাদের জরুরি সাড়াদানের পরিকল্পনা শুরু করেছে। পুরো নিউ ইয়র্ক স্টেটে ক্ষয়ক্ষতি যাচাই, সাড়াদান, মেরামত, এবং পুনঃস্থাপনের চেষ্টায় জড়িত হওয়ার জন্য নিউ ইয়র্কের ইউটিলিটিগুলির কাছে প্রায় 6,775 জন কর্মী আছেন। এই সংখ্যার মধ্যে আছেন 1,275 জনের বেশি মিউচুয়াল এইড কর্মী যাদেরকে পূর্বাভাস অনুযায়ী সবথেকে বেশি আক্রান্ত হওয়া এলাকায় সাড়াদান ও পুনঃস্থাপনের চেষ্টা সমর্থনের জন্য ইউটিলিটিগুলি নিশ্চিত করে রেখেছে। ডিপার্টমেন্টের কর্মীরা ইভেন্টের পুরো সময় ইউটিলিটিগুলির কাজের উপর নজর রাখবেন।

ডিপার্টমেন্ট শীতের প্রস্তুতি, যার মধ্যে শীতকালীন নিরাপত্তা ও বর্তমান ভোক্তা সুরক্ষা আছে, সেই ব্যাপারে অতিরিক্ত তথ্য দিয়েছে এখানে: উইন্টার প্রিপেয়ার্ডনেস (Winter Preparedness) । ডিপার্টমেন্ট অফ পাবলিক সার্ভিস। জনগণকে তাদের ইউটিলিটি সম্পর্কে অভিযোগ বা দুশ্চিন্তার ব্যাপারে ডিপার্টমেন্টের অফিস অফ কনজিউমার সার্ভিসেসের (Office of Consumer Services) সাথে যোগাযোগ করার জন্য উৎসাহিত করা যাচ্ছে যা এখানে করা যাবে কন্টাক্ট আস (Contact Us) । ডিপার্টমেন্ট অফ পাবলিক সার্ভিস।

নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police)
নিউ ইয়র্কের স্টেট পুলিশ পূর্বাভাসের উপর ভালো করে নজর রেখেছে এবং স্টেটে যেহেতু আশঙ্কা অনুযায়ী আবহাওয়া চলে আসছে তাই ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস, ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন, থ্রুওয়ে অথোরিটি, ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশন, পার্কস (Parks), এবং আমাদের স্থানীয় পার্টনারদের সাথে সমন্বয় করছে। ট্রুপার এবং বিশেষায়িত ইউনিটগুলি তৈরি আছেন এবং পুরো অঞ্চলে যেকোনো আবহাওয়া সম্পর্কিত জরুরি অবস্থায় সাড়াদানের জন্য, গাড়ির চালকদের সাহায্য করার জন্য, এবং পরিস্থিতি খারাপ হলে স্থানীয় কমিউনিটিগুলিকে সমর্থন করার জন্য প্রস্তুত আছেন।

জননিরাপত্তা আমাদের অগ্রাধিকার, এবং এই আবহাওয়ার ঘটনার সময় জনগণকে সুরক্ষিত রাখতে আমরা প্রয়োজনমত কর্মী এবং রিসোর্সকে ব্যবহার করতে থাকবো। জরুরি দরকারের সময় 911 নম্বরে ফোন করুন।

পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation, DEC)
ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশনের (DEC) ইমার্জেন্সি ম্যানেজমেন্ট কর্মী, কনজার্ভেশন পুলিশ অফিসার, ফরেস্ট রেঞ্জার্স এবং আঞ্চলিক কর্মীরা সতর্ক থাকবেন এবং আবহাওয়ায় পরিস্থিতির উপর নজর রাখবেন। তীব্র বাতাস, ভারী বৃষ্টিপাত, এবং তুষার ও বরফের কারণে যেসব প্রভাবের সম্ভাবনা আছে তার প্রস্তুতিতে টার্গেট করা এলাকাগুলিতে ব্যবহারের জন্য হাতে থাকা সকল সম্পদের রিসোর্স, যার মধ্যে ফার্স্ট রেসপন্ডার আছে, তা মোতায়েন করাকে সমন্বয় করতে পার্টনার এজেন্সিগুলির সাথে কাজ করে DEC প্রস্তুত আছে।

DEC তুষার সরানো ও ফেলে দেওয়ার দায়িত্ব পাওয়া ব্যক্তিদের মনে করিয়ে দিচ্ছে তারা যাতে বন্যা প্রতিরোধ করতে এবং পানির মানকে লবণ, বালি, তেল, আবর্জনা এবং অন্যান্য রাবিশের মতো দূষণকারী পদার্থ দিয়ে প্রভাবিত হওয়ার সম্ভাবনা কম করতে সাহায্য করার জন্য

ব্যবস্থাপনার সেরা প্র্যাকটিস মেনে চলেন। স্থানীয় খাঁড়ি ও ঝর্ণায় বরফ ফেলার কারণে বরফের বাঁধ তৈরি হতে পারে, যার ফলে বন্যা হতে পারে। সরকারি ও বেসরকারি তুষার অপসারণ অপারেটরদেরকে শীতকালীন ঝড় চলাকালীন ও পরবর্তী এইসব নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে অবগত থাকতে হবে। ডিভিশন অফ ওয়াটার টেকনিক্যাল অ্যান্ড অপারেশনাল গাইডেন্স সিরিজ: স্নো ডিস্পোজালে (Division of Water Technical and Operational Guidance Series: (Snow Disposal) আরো তথ্য পাওয়া যাবে।

হাইকিং নিরাপত্তা

অ্যাডিরন্ড্যাকস (Adirondacks), ক্যাটস্কিল (Catskills) ও অন্যান্য ব্যাককান্ট্রি এলাকায় অপ্রত্যাশিত শীতকালীন আবহাওয়া ও ঝড়ের কারণে অনেক ধরণের বিপজ্জনক পরিস্থিতি তৈরি হতে পারে। বেড়াতে যাওয়া মানুষের উচিত তুষার, বরফ ঠাণ্ডার জন্য যথাযথ পোশাক ও সরঞ্জাম নিয়ে তৈরি থাকা যাতে একটি নিরাপদ শীতের অভিজ্ঞতা নিশ্চিত করা যায়। অ্যাডিরন্ড্যাকে তুষারের গভীরতার মধ্যে অনেক পার্থক্য থাকতে পারে, হাই পিক্স (High Peaks) অঞ্চলের উঁচু জায়গায় এবং 3,000 ফুটের বেশি অন্যান্য পাহাড়ে সবথেকে গভীর তুষার পড়বে। কম উঁচু ট্রেইলে তুষার, বরফ, এবং স্লাশের মিশ্রিত অবস্থা থাকবে, যেমন ক্যাটস্কিল মাউন্টেনসের (Catskill Mountains) অনেক ট্রেইল যেখানে বরফের ট্রেইলের অবস্থা থাকা সম্ভব।

যারা ব্যাককান্ট্রিতে বেড়াতে যাবেন তাদের স্মার্টভাবে হাইক করা (Hike Smart) উচিত এবং যথাযথ নিরাপত্তা গাইডলাইন মেনে চলা উচিত। ভেবেচিন্তে ভ্রমণের পরিকল্পনা করুন। জরুরি প্রয়োজনে, 9-1-1 নম্বরে ফোন করুন। ফরেস্ট রেঞ্জার সহায়তা অনুরোধ করার জন্য, 1-833-NYS-RANGERS নম্বরে ফোন করুন। যদিও কোনো কোনো জলপথ জমে গেছে বলে মনে হতে পারে, তবে সেদিকে যাওয়ার আগে বরফের নিরাপত্তা সম্পর্কিত গাইডলাইন দেখার জন্য DEC প্রকৃতিপ্রেমীদেরকে পরামর্শ দিচ্ছে।

বড় ঝড়ের ইভেন্টের সময় সকল উঁচু ট্রেইল, এবং নদী ও ঝর্ণা পার করতে হয় এমন ট্রেইল সাময়িকভাবে এড়িয়ে যেতে হাইকারদের পরামর্শ দেওয়া হচ্ছে। ট্রেইলের পরিস্থিতি, মৌসুমি রাস্তা বন্ধ হওয়া, এবং সাধারণ বিনোদনের তথ্য সম্পর্কে সর্বশেষ খবরের জন্য হাইকারদেরকে DEC এর ওয়েবপেজ দেখে নেওয়ার জন্য উৎসাহিত করা হচ্ছে।

অফিস অফ পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজার্ভেশন (Office of Parks, Recreation and Historic Preservation)

নিউ ইয়র্ক স্টেট পার্ক পুলিশ এবং পার্কের পার্সোনেলরা সতর্ক আছে এবং আবহাওয়া পরিস্থিতি এবং তার পরিণামের উপর কড়া নজর রাখছেন। প্রতিক্রিয়া সরঞ্জাম প্রসার করা হচ্ছে, পরীক্ষিত এবং ঝড় প্রতিক্রিয়া ব্যবহারের জন্য প্রস্তুত করা হচ্ছে। পার্কের সময়, খোলা এবং বন্ধের বিষয়ে সর্বশেষ আপডেটের জন্য পার্কের ভিজিটরদের parks.ny.gov ভিজিট করতে হবে, বিনামূল্যে NY State Parks Explorer মোবাইল অ্যাপ দেখতে হবে অথবা তাদের স্থানীয় পার্ক অফিসে ফোন করতে হবে।

শীতকালে নিরাপদে গাড়ি চালানোর পরামর্শ

- আপনার স্থানীয় এলাকা এবং আপনি যে এলাকায় ভ্রমণ করছেন তার জন্য পূর্বাভাস মনিটর করুন।
- অপ্রয়োজনীয় ভ্রমণ এড়িয়ে চলুন।
- যদি আপনাকে ভ্রমণ করতেই হয়, আপনার গাড়িতে জীবন-রক্ষাকারী সরঞ্জাম যেমন কম্বল, বেলচা, ফ্ল্যাশলাইট ও বাড়তি ব্যাটারি, বাড়তি গরম পোশাক, টায়ার চেইনের সেট, ব্যাটারির বুস্টার ক্যাবল, দ্রুত শক্তিদায়ক খাবার এবং বিপদ সংকেত দেয়ার জন্য ব্যবহারের উদ্দেশ্যে উজ্জ্বল রঙের কাপড়ের টুকরা রয়েছে তা নিশ্চিত করুন।
- যদি আপনার কাছে ব্যবহারের জন্য সেল ফোন অথবা অন্যান্য যোগাযোগের ডিভাইস যেমন টু-ওয়ে রেডিও থাকে, তাহলে ব্যাটারিতে চার্জ দিয়ে রাখুন এবং কোথাও যাওয়ার সময় সেটি আপনার সাথে রাখুন। যদি আপনি হারিয়ে যান, সাহায্যের জন্য কল করে উদ্ধারকারীদেরকে আপনার লোকেশন জানাতে পারবেন।
- শীতকালীন সময়ে মৃত্যু ও আঘাতপ্রাপ্তির শীর্ষ কারণ হলো পরিবহনজনিত দুর্ঘটনা। গাড়িতে চলাচল করার আগে আপনার যানবাহন বরফ ও তুষার থেকে মুক্ত আছে তা নিশ্চিত করে নিন; ভালোভাবে দৃষ্টিগোচর হওয়াটা ভালোভাবে গাড়ি চালানোর মূল চাবিকাঠি। আপনার থামার স্থানগুলো সম্পর্কে পরিকল্পনা করে রাখুন এবং গাড়িগুলোর মধ্যে আরো বেশি দূরত্ব রাখুন। অতিরিক্ত সতর্ক থাকুন এবং মনে রাখবেন যে তুষারকণা ছোট শিশুদেরকে আড়াল করে দিতে পারে। সবসময় সড়ক ও আবহাওয়ার অবস্থার সঙ্গে আপনার গতির মিল রাখুন।
- সব রাস্তার চালকদের খেয়াল রাখতে হবে যে স্নোপ্লাউ ঘণ্টায় 35 মাইল গতিতে চলে, যা অনেক জায়গার লিখে রাখা স্পিড লিমিটের থেকে কম হয়।
- প্রায়ই ইন্টারস্টেট হাইওয়েতে একের বেশি স্নোপ্লাউ পাশাপাশি চালানো হয়, যাতে একাধিক লেন একসাথে নিরাপদে পরিষ্কার করা যায়।
- গাড়ি চালক ও পথচারীদেরকেও খেয়াল রাখতে হবে যে স্নো-প্লাউ চালকদের দৃষ্টিগোচরতা সীমিত থাকে, এবং স্নো-প্লাউ এর আকার ও ওজন সেটিকে দ্রুত সরানো ও বন্ধ করা কঠিন করে তুলতে পারে। প্লাউয়ের পেছনে যে তুষার উড়তে থাকে তার কারণে অনেক কম দেখা যেতে পারে বা হোয়াইটআউট অবস্থা হতে পারে।
- গাড়ির চালকদের স্নোপ্লাউকে পাশ কাটিয়ে যাওয়ার চেষ্টা না করা বা অনেক কাছ থেকে ফলো না করা উচিত। গাড়ি চালকদের জন্য গাড়ি চালানোর জন্য সবচেয়ে নিরাপদ জায়গা হলো স্নো-প্লাউ এর বেশ পিছনে যেখানে সড়কপথ পরিষ্কার রয়েছে ও লবণ ছিটানো হয়েছে। কখনোই সচল থাকা একটি স্নোপ্লাউয়ের পাশ কাটানোর চেষ্টা করবেন না।

পাওয়ার চলে গেলে নিরাপদ থাকার পরামর্শ

- এলাকাভিত্তিক মেরামতের সময়সূচি জানতে আপনার ইউটিলিটির কাছে যাচাই করুন।
- পরিষেবা ফিরে আসার সময় সার্কিট ওভারলোড হওয়া রোধ করতে লাইট ও অ্যাপ্লায়েন্সগুলো বন্ধ রাখুন বা প্লাগ খুলে রাখুন; কখন বিদ্যুৎ ফিরে আসছে তা জানার জন্য একটি বাতি চালু রাখুন।

- ঝড়ের সময় হিট চলে গেলে, আপনার প্রয়োজন নেই এমন ঘরগুলি বন্ধ করে দিয়ে গরম থাকুন।

বিদ্যুৎ বিভ্রাট রিপোর্ট করতে, ফোন করুন:

- সেন্ট্রাল হাডসন (Central Hudson): 845-452-2700
- কন এডিসন (Con Edison): 800-752-6633
- ন্যাশনাল গ্রিড (National Grid): 800-867-5222
- NYSEG: 800-572-1131
- O&R: 877-434-4100
- PSEG-LI: 800-490-0075
- RG&E: 800-743-1701

নিরাপত্তার ব্যাপারে আরো পরামর্শের জন্য ভিজিট করুন www.dhses.ny.gov/safety।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন